20:33 49%



হয়ে পড়ে। মসজিদের মুসল্লিরা নামাজ আদায় করতে হয় কাদা পানি পাড়ি দিয়ে। উত্তরা ইপিজেডের হাজার হাজার শ্রমিককে উল্টোপথে দীর্ঘপথ পাড়ি দিয়ে কর্মস্থলে যেতে হয়। এলাকার লোকের দাবি ছিল এই রাস্তাটি পাকাকরণের। অবশেষে রাস্তার কাজের উদ্বোধন হল। ১২ জুন এটির শুভ উদ্বোধন করেন সাংসদ আসাদুজ্জামান নূর। নীলফামারী সদর এলজিইডির অর্থায়নে ১ কিলোমিটার রাস্তা যার ব্যয় হবে ৯৪ লক্ষ টাকা। ঠিকাদারি প্রতিষ্ঠান সোলা এন্টারপ্রাইজের পক্ষে ঠিকাদার মোস্তাইন বিল্লাহের তত্ত্বাবধানে কাজ সম্পন্ন করা হবে।

পরে কালার ডাঙ্গা স্কুল মাঠে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। নীলফামারী এলজিইডি প্রকৌশলী ফিরোজ হাসান সভায় সভাপতিত্ব করেন। উপজেলা নির্বাহী প্রকৌশলী বিরল রায় সভা সঞ্চালনা করেন। এতে প্রধান অতিথির বক্তব্য বলেন সাংসদ আসাদুজ্জামান নূর, বিশেষ অতিথি সদর উপজেলা চেয়ারম্যান শাহিদ মাহমুদ, জেলা আওয়ামী লীগের সহসভাপতি হাফিজ রশিদ মঞ্জু। এছাড়াও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হেদায়েত আলী শাহ ফকির, প্রবীন শিক্ষক মমিনুর রহমান, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান দীপক চক্রবর্তী, শান্তনা চক্রবর্তী, জেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি কামরুল ইসলাম, জেলা মহিলা যুবলীগের সাধারণ সম্পাদক ইশরাত জাহান পল্লবী, জেলা ছাত্রলীগের সাধরন সম্পাদক মাসুদ সরকার, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক আমজাদ হোসেন বক্তব্য রাখেন।

নির্দেশনা বাস্তবায়ন বিষয়ক কমিউনিটি পরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল সাড়ে ১০ টায় স্থানীয় হাবড়ো হলরুমে বাংলাদেশ পরিবেশ আইনবিদ সমিতির (বেলা) আয়োজনে হাবড়োর নির্বাহী পরিচালক মো. জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে এবং বেলার রাজশাহী অফিসের প্রোগ্রাম অফিসার সাইফুল ইসলাম সুমনের সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন চাটমোহর প্রেসক্লাবের সাবেক সভাপতি দৈনিক আমাদের বড়াল সম্পাদক হেলালুর রহমান জুয়েল। বিশেষ অতিথি ছিলেন দৈনিক সমকাল প্রতিনিধি শামীম হাসান মিলন। অন্যান্যের মধ্যে বক্তব্য দেন বড়াল রক্ষা আন্দোলনের সদস্য সুজা উদ্দিন বিশ্বাস, কৃষিবিদ আসাদুজ্জামান আসাদ, ব্যবসায়ী আমিরুল ইসলাম, ব্যবসায়ী একে আজাদ প্রমুখ।




সুজানগরে মোবাইল অ্যাপস 'কৃষি প্রযুক্তি ভান্ডার' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

ফোরের দর্পণ

## সুজানগরে মোবাইল অ্যাপস 'কৃষি প্রযুক্তি ভান্ডার' শীর্ষক প্রশিক্ষণ

**সুজানগর (পাবনা) প্রতিনিধি :** কৃষির আধুনিক প্রযুক্তি কৃষকের হাতের নাগালে সহজে পৌঁছে দেয়ার জন্য এবং অ্যাপস ব্যবহার করে বিনামূল্যে কৃষি প্রযুক্তি গ্রহণ করে অধিক ফসল উৎপাদনে কৃষকদের আগ্রহী করে তুলতে পাবনার সুজানগরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের আওতায় বারি মোবাইল অ্যাপস 'কৃষি প্রযুক্তি ভান্ডার' শীর্ষক বিষয়ে একদিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। কৃষি পরিসংখ্যান এবং আইসিটি বিভাগ, বিএআরআই, গাজীপুরের অর্থায়নে এবং উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে বুধবার সুজানগর কৃষক প্রশিক্ষণ কেন্দ্রে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি পাবনার প্রশিক্ষক মো. সাইফুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি পাবনার অতিরিক্ত উপ পরিচালক (শস্য) মো. রোকনুজ্জামান। স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রাফিউল ইসলাম। সঞ্চালনা করেন উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার মাহে আলম। প্রশিক্ষণে অ্যাপস সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট গাজীপুরের বৈজ্ঞানিক কর্মকর্তা নূর মোহাম্মদ ও মোহাম্মদ রাসেল।

## শিবগঞ্জে সিহাব হত্যার বিচার দাবিতে মানববন্ধন

**শিবগঞ্জ (চাঁপাইনবাবগঞ্জ) প্রতিনিধি :** চাঁপাইনবাবগঞ্জ শিবগঞ্জে দুর্লভপুর উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণির শিক্ষার্থী সিহাব হত্যার বিচারের দাবিতে বিদ্যালয়টির ছাত্র-ছাত্রীদের ব্যানারে মানববন্ধন করেছেন এলাকাবাসী। বুধবার সকালে ঘন্টাব্যাপী চলা মানববন্ধনে বক্তব্য রাখেন দুর্লভপুর উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মতিনুর রহমান, দুর্লভপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান গোলাম আযম, ২ ওয়ার্ড ইউপি সদস্য মোহা. শাহজাহান আলী ও নিহত সিহাবের পিতা সাইদুর রহমান। মানববন্ধনে বক্তারা দ্রুত আসামিদের গ্রেফতার ও বিচারের জোর দাবি জানান।

## মাধ্যমিক শিক্ষা জাতীয়করণের দাবিতে দিনাজপুরে সংবাদ সম্মেলন

**দিনাজপুর প্রতিনিধি :** গতকাল দিনাজপুরে মাধ্যমিক শিক্ষা জাতীয়করণের দাবিতে বাংলাদেশ শিক্ষক সমিতি (বিটিএ) দিনাজপুর জেলা শাখার আয়োজনে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে দিনাজপুর প্রেসক্লাবের কনফারেন্স রুমে বাংলাদেশ শিক্ষক সমিতি (বিটিএ) জেলা শাখার আয়োজনে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে সংগঠনের সাধারণ সম্পাদক মো. মাতলুবুল মামুন বলেন, চাকরি শেষে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের অবসরে যাওয়ার পর অবসর সুবিধা ও কল্যাণ ট্রাস্টের টাকা পেতে বছরের পর বছর অপেক্ষা করতে হয়। ফলে অনেক শিক্ষক ও কর্মচারী টাকা পাওয়ার পূর্বেই অর্থাভাবে বিনা চিকিৎসায় মৃত্যুবরণ পর্যন্ত করেন যা অত্যন্ত অমানবিক। আমাদের এ দাবি পূরণে মানববন্ধন, বিক্ষোভ মিছিলসহ অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্ট অফিস ঘেরাও কর্মসূচি পালন করেছি।

